

শিক্ষামন্ত্রী দীপু মনি বলেছেন, বিগত কয়েক বছরে একবারও প্রশ্নপত্র ফাঁস হয়নি। চেষ্টা করা হয়েছে, ফাঁস হয়েছে এমন গুজব ছড়ানো হয়েছে, কিন্তু নতুন নতুন প্রযুক্তি ব্যবহার করে সেটিকে রোধ করেছি আমরা। গতকাল শনিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের মার্কেটিং

অ্যালামনাই অ্যাসোসিয়েশন ‘এমজিআই- এমএএ স্কলারশিপ’ বৃত্তিপ্রদান অনুষ্ঠানের আয়োজন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত হয়ে শিক্ষামন্ত্রী এসব কথা বলেন।

advertisement

আজ থেকে শুরু হতে যাওয়া এইচএসসি পরীক্ষার প্রস্তুতি এবং নিরাপত্তা ব্যবস্থা নিয়ে জানতে চাওয়া হলে শিক্ষামন্ত্রী সাংবাদিকদের বলেন, এইচএসসি পরীক্ষা যাতে নকলমুক্ত হয়, প্রশ্নপত্র ফাঁসের মতো অপ্রীতিকর ঘটনা না ঘটে, এজন্য সব ধরনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এবার এসএসসি পরীক্ষার সময় যেসব বিচ্ছিন্ন ঘটনা ঘটেছে, সেগুলোর পুনরাবৃত্তি যাতে না হয় সে জন্য কাজ করছেন তারা। এ জন্য সবার সহযোগিতা চান দীপু মনি।

advertisement 4

পরীক্ষার সময়সীমা কমানো হয়েছে- এ বিষয়ে জানতে চাওয়া হলে তিনি বলেন, এ বছর সব পরীক্ষা পুনর্বিন্যস্ত সিলেবাসে হচ্ছে। তিনি আশা করেন পরীক্ষার্থীদের প্রস্তুতি ভালো আছে এবং পরীক্ষা ভালো হবে। আগামী বছর থেকে সব পরীক্ষা আগের মতো সব বিষয়, পূর্ণ নম্বরে ও পূর্ণ সময়ে হবে। এ বছর এইচএসসি পরীক্ষার ফল কত দিনে প্রকাশ হবে- সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, পূর্বেও ৬০ দিনের ভেতর ফল দিতেন এবং এ বছরও ৬০ দিনের ভেতর ফল প্রকাশ হবে

